গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, ঢাকা।
(বোর্ড প্রশাসন-২)

নথি নংঃ ০৮.০১.০০০০.০০২.১৩.০০১.১৮/ ৩৫২

তারিখঃ ২২ শ্রাবণ ১৪২৬
০৬ আগস্ট ২০১৯

বিষয় ঃ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে ভিআইপি লাউঞ্জ ব্যবহার সর্ম্পকে।

সূত্র ঃ ১। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্মারক নং ০৪.০০.০০০০.৪২২.৪৭.০১৩.১৪.৯৫, তারিখঃ ২৯/০৫/২০১৯ খ্রিঃ
২। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নং- ০৮.০০.০০০০.০৩৬.৯৯.০০৩.১৮.৩৬৩, তারিখঃ ১৭/০৮/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ ১নং সূত্রস্থ পত্রে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত বিশিষ্ট ব্যক্তিবর্গ ও উচ্চ পর্যায়ের কর্মকর্তাগনের বিমানযোগে যাত্রা ও আগমনকালে ভিআইপি লাউঞ্জ ব্যবহারের ক্ষেত্রে কতিপয় নিয়মাবলি অনুসরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)।

০৩। এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগের উক্ত নিদের্শনা অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি ঃ ০২ (দুই) পাতা।

৬/৮/১৯

(মোঃ নূরুল আমীন)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-২)
ফোন ঃ ৮৩১৮১২০ এক্স ঃ ৩৭৭
admn2nbr@yahoo.com

বিতরণঃ
০১। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০২। কমিশনার/মহা-পরিচালক, (সকল), শুল্ক বিভাগ।
০৩। কর কমিশনার/মহা-পরিচালক (সকল), কর বিভাগ।
০৪। জনাব আনতারা আনিকা পিয়া, সহকারী প্রোগ্রামার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [তাঁকে পত্রটি গ্রুপ মেইলে দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]।
০৫। অফিস কপি/গার্ড ফাইল।

08.08.2019

D:\Office Work\Letter\1 Head\1(2)14.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
শাখা-১ (প্রশাসন)
www.ird.gov.bd

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০৩৬.৯৯.০০৩.১৮.৩৬৩

তারিখ: ২ শ্রাবণ ১৪২৬
১৭ জুলাই ২০১৯

বিষয়: হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহার সম্পর্কে।
সূত্র: ০৪.০০.০০০০.৪২২.৪৭.০১৩.১৪.৯৫, তারিখ ২৯.০৫.২০১৯ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের মাধ্যমে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত বিশিষ্ট ব্যক্তিবর্গ ও উচ্চ পর্যায়ের কর্মকর্তাগণের বিমানযোগে যাত্রা ও আগমনকালে ভিআইপি লাউঞ্জ ব্যবহারের ক্ষেত্রে কতিপয় নিয়মাবলি অনুসরণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ হতে নির্দেশনা প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগের উক্ত নির্দেশনা অনুসরনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১৭-৭-২০১৯
মোঃ সামীম আহসান
সহকারী সচিব
ফোন: ০২ ৯৫৫ ৪৪৮২

বিতরণ :
১) অতিরিক্ত সচিব, হিসাব শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
২) অতিরিক্ত সচিব, সংসদ, অডিট ও রিপোর্ট শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
৩) সদস্য, বোর্ড প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড
৪) মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর
৫) যুগ্ম সচিব, প্রশাসন অধিশাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
৬) যুগ্ম সচিব, এসিআর শাখা , অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
৭) যুগ্ম সচিব, সঞ্চয় শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
৮) প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ এন্ড ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা।
৯) রেজিস্ট্রার, দ্বৈত বেঞ্চ-১, ঢাকা (প্রধান কার্যালয়), ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মন্ত্রিসেবা অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক: ০৪.০০.০০০০.৪২২.৪৭.০১৩.১৪.৯৫

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৬
২৯.মে.২০১৯

বিষয়: হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহার সম্পর্কে।

সূত্র: ১। মপবি-১২/১/৮৮-বিধি/২০৩, তারিখ ২০ জুলাই ১৯৮৮
২। মপবি-১২/১/৮৮-বিধি (অংশ-১)/৩৫২, তারিখ ১ সেপ্টেম্বর ১৯৯০
৩। মপবি-১২/১/৮৮-বিধি (অংশ-১)/৩৭, তারিখ ১০ এপ্রিল ১৯৯১

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর হতে বিমানযোগে গমন এবং প্রত্যাবর্তনের প্রাক্কালে বিশিষ্ট ব্যক্তিবর্গ এবং উচ্চ পদস্থ কর্মকর্তাদের জন্য ভিআইপি লাউঞ্জ সংরক্ষিত রাখা হয়েছে। 'Instructions regarding use of the VVIP and VIP Lounges at the Hazrat Shahjalal International Airport (Revised upto April 2010)'-অনুসারে ভিআইপি লাউঞ্জ ব্যবহারের জন্য প্রাধিকারপ্রাপ্ত বিশিষ্ট ব্যক্তিবর্গ ও উচ্চ পর্যায়ের কর্মকর্তাগণের বিমান বন্দরে আগমন ও প্রত্যাগমনকালে তাঁদেরকে সম্বর্ধনা জ্ঞাপনের জন্য সর্বাধিক দুই জন দর্শনার্থীকে ভিআইপি লাউঞ্জে প্রবেশাধিকার দেওয়া হয়ে থাকে। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে উপরোক্ত বিধি নিষেধ থাকা সত্ত্বেও প্রায়ই অতিরিক্ত লোকজন ভিআইপি লাউঞ্জে প্রবেশ করে অনাকাঙ্ক্ষিত পরিবেশের সৃষ্টি করছে। অন্যদিকে ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত নন এমন সব ব্যক্তিবর্গকে তা ব্যবহার করতে দেখা যাচ্ছে, যার ফলে বিমান বন্দরের সার্বিক নিরাপত্তা ও লাউঞ্জের সুষ্ঠু পরিবেশ বিঘ্নিত হচ্ছে যা অনভিপ্রেত। এ পরিপ্রেক্ষিতে বিভিন্ন সময়ে জারিকৃত সূত্রোস্থ অফিস স্মারকসমূহ একীভূত করে এবং ক্ষেত্রবিশেষে আংশিক সংশোধনক্রমে নির্দেশক্রমে এ স্মারক জারি করা হলো।

২। ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত বিশিষ্ট ব্যক্তিবর্গ ও উচ্চ পর্যায়ের কর্মকর্তাগণের বিমানযোগে যাত্রা ও আগমনকালে ভিআইপি লাউঞ্জ ব্যবহারের ক্ষেত্রে নিম্নলিখিত নিয়মাবলি কঠোরভাবে অনুসরণ করতে হবে:

(ক) দুই জনের বেশী দর্শনার্থীকে ভিআইপি লাউঞ্জে প্রবেশের অনুমতি দেওয়া যাবে না এবং টারম্যাক এলাকায় কোন দর্শনার্থী প্রবেশ করতে পারবে না।
(খ) ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত নন এমন ব্যক্তিবর্গ কর্তৃক ভিআইপি লাউঞ্জ ব্যবহার কঠোরভাবে নিয়ন্ত্রণ করতে হবে।
(গ) দর্শনার্থীদের নাম, ঠিকানা ও পরিচয় পূর্বাহ্নে পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর-কে অবহিত করতে হবে।
(ঘ) ভিআইপি লাউঞ্জের স্বাভাবিক পরিবেশ, মর্যাদা ও নিরাপত্তা ক্ষুণ্ণ হতে পারে এমন কোন ব্যক্তিকে দর্শনার্থী হিসাবে ভিআইপি লাউঞ্জে প্রবেশ লাভের সুযোগ না দেওয়ার বিষয়ে ভিআইপি লাউঞ্জ ব্যবহারের জন্য প্রাধিকারপ্রাপ্ত বিশিষ্ট ব্যক্তিবর্গ ও উচ্চ পর্যায়ের কর্মকর্তাগণ নিশ্চিত করবেন।

৩। ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তিবর্গ নিজ ভ্রমণ ব্যতিরেকে তাঁদের পিতা/মাতা/স্ত্রী/স্বামী/পুত্র/কন্যা/পুত্রবধু/জামাতাকে যাত্রী হিসাবে বিদায় ও অভ্যর্থনা জ্ঞাপনের সময় ভিআইপি লাউঞ্জ ব্যবহার করতে পারবেন।

৪। বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এই নিয়মাবলি কঠোরভাবে কার্যকর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৫। মন্ত্রণালয়/বিভাগসমূহ তাদের আওতাধীন ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তিবর্গ/কর্মকর্তাগণকে বিষয়টি অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

স্বাক্ষরিত
(শফিউল আজিম)
যুগ্মসচিব (বিধি ও সেবা)
ফোন:৯৫৭৪৫৩৭
E-mail:js_rs@cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৪২২.৪৭.০১৩.১৪.৯৫

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৬ / ২৯ মে ২০১৯

বিতরণ:

১। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব
............................................................মন্ত্রণালয়/বিভাগ (সকল)।

৩। অতিরিক্ত সচিব (সকল), মন্ত্রিপরিষদ বিভাগ।

৪। যুগ্মসচিব (সকল), মন্ত্রিপরিষদ বিভাগ।

৫। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।

অনুলিপি:

১। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোছাঃ মোর্শেদা ফেরদৌস)
উপসচিব (মন্ত্রিসেবা)
ফোন: ৯৫৬০১২৬
E-mail : mss_sec@cabinet.gov.bd